

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪৪/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ১৩/০৫/২০১৩খ্রিঃ।

৩০ বৈশাখ, ১৪২০ বাংলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং- ২৯, তারিখ- ৪/৪/২০১৩ সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
এম রহমান
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

অফিস আদেশ নং- ২৯

তারিখ- ৪/৪/২০১৩

বিষয়ঃ **শুক্রায়নকালে মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধন নম্বর (BIN) পরিবর্তন।**

ASYCUDA++ সিস্টেমে আমদানিকৃত পণ্য চালানোর বিল অব এন্ট্রি দাখিলের পর শুক্রায়নকালীন সময়ে অর্থাৎ এ্যাসেসমেন্ট নোটিশ জেনারেট হওয়ার পূর্ব পর্যন্ত মুসক নিবন্ধন নম্বর (BIN) পরিবর্তন করা সম্ভব। BIN পরিবর্তন করলে আমদানিকারকের নাম, ঠিকানাসহ অন্যান্য তথ্যও পরিবর্তিত হয়। আমদানিকারকের নাম পরিবর্তন করতে হলে যথাযথভাবে আইজিএম সংশোধনপূর্বক তা সম্পন্ন হওয়া প্রয়োজন। অথচ তা না করে কোন আমদানিকারকের বিপরীতে ২০২ ধারা জারী করা হলে অথবা অন্যকোন কারণে BIN লক বা সাসপেন্ড করা হলে উক্ত আমদানিকারক পণ্য খালাস নেয়ার জন্য BIN পরিবর্তন করার উল্লিখিত সুযোগের অপব্যবহারের অপচেষ্টা করার বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে। অতএব, বিল অব এন্ট্রি দাখিলের পর এ্যাসেসমেন্ট নোটিশ জেনারেট করার পূর্ব পর্যন্ত BIN নম্বর পরিবর্তন করতে হলে সংশ্লিষ্ট চালানোর আইজিএম ব্লক আছে কিনা বা আমদানিকারকের বিপরীতে ২০২ জারী আছে কিনা ইত্যাদি তথ্য যাচাই পূর্বক BIN পরিবর্তনের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য ন্যূনতম জয়েন্ট কমিশনার পর্যায় হতে পূর্বানুমতি গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হ'ল।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসুদ সাদিক)

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস, চট্টগ্রাম

ফোনঃ ০৩১-৭১৩৯১৮

তারিখঃ ৪/৪/২০১৩

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/ASYCUDA World/১২-১৩/৩৭৭৪-কাস

পৃষ্ঠা নং- ৪৬